# রংপুর সিটি কর্পোরেশন
## সাধারণ শাখা
www.rpcc.gov.bd

**রংপুর সিটি কর্পোরেশনের জুন / ২০২৫ মাসের মাসিক সভার কার্যবিবরণী।**

সভাপতি : মোঃ শহিদুল ইসলাম এনডিসি
প্রশাসক
রংপুর সিটি কর্পোরেশন।

সভার তারিখ ও সময় : ২৬.০৬.২০২৫ইং বৃহস্পতিবার, বিকাল : ০৩:০০টা
সভার স্থান : রংপুর সিটি কর্পোরেশন সভা কক্ষ
উপস্থিতি : সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"

সভার শুরুতে সভাপতি সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য তিনি প্রধান নির্বাহী কর্মকর্তাকে বলেন। এর পরিপ্রেক্ষিতে সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্র/নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | গত মাসিক সভার সিদ্ধান্ত পঠন ও অনুমোদনকরণ। | প্রধান নির্বাহী কর্মকর্তা গত মাসিক সভার কার্যবিবরণীর উপর কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনী প্রস্তাব না থাকলে তা দৃঢ়ীকরণ করার বিষয়ে মতামত প্রদানের অনুরোধ জানান। সভায় উপস্থিত সকলে কার্যবিবরনী দৃঢ়ীকরণের বিষয়ে একমত পোষণ করেন। | গত ১২/০৫/২০২৫ইং মাসিক সভার কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ ও অনুমোদন করা হয়। | প্রশাসনিক কর্মকর্তা (চঃদাঃ) |
| ২ | বাজেট অনুমোদনকরণ বিষয়ে আলোচনা। | সভায় প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা আগামী ২০২৫-২০২৬অর্থ বছরে ৭৬১,৫৪,৪৮,২৪৫/- (সাতশত একষট্টি কোটি চুয়ান্ন লক্ষ আটচল্লিশ হাজার দুইশত পঁয়তাল্লিশ) টাকা বাজেট অনুমোদনের বিষয়ে উপস্থাপন করেন। এ বিষয়ে পরিষদের সকলে একমত পোষণ করেন। প্রশাসক মহোদয় সর্বসম্মতিক্রমে বাজেট অনুমোদন প্রদান করেন। | ২০২৫-২০২৬ অর্থ বছরে ৭৬১,৫৪,৪৮,২৪৫/- (সাতশত একষট্টি কোটি চুয়ান্ন লক্ষ আটচল্লিশ হাজার দুইশত পঁয়তাল্লিশ) টাকা বাজেট অনুমোদন প্রদান করা হলো। | প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা |
| ৩ | রংপুর সিটি কর্পোরেশনে প্যানেল আইনজীবি নিয়োগ বিষয়ে আলোচনা। | সভায় প্রধান নির্বাহী কর্মকর্তা উপস্থাপন করেন এ কার্যালয়ে ৫(পাঁচ) জন আইন উপদেষ্টা নিয়োগ রয়েছে, তম্মধ্যে ০১(এক)জন মৃত্যুবরণ করেছেন। বর্তমানে নতুন করে প্যানেল আইনজীবি নিয়োগ করা প্রয়োজন। এ বিষয়ে প্রশাসক মহোদয় প্যানেল আইনজীবি নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | আইনজীবি নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রশাসনিক কর্মকর্তা (চঃদাঃ) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | করোনা ভাইরাস ও ডেঙ্গু রোগ প্রতিরোধ বিষয়ে আলোচনা। | সভায় প্রধান স্বাস্থ্য কর্মকর্তা উপস্থাপন করেন দেশে করোনা ভাইরাস সংক্রমণ বৃদ্ধি পেয়েছে। পিসিআর ও রেপিড টেষ্ট এর মাধ্যমে করোনা ভাইরাস পরীক্ষা করার ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে, করোনা সনাক্ত রোগীদেরকে আইসোলেশনের জন্য সদর শিশু হাসপাতালটি পরিস্কার পরিচ্ছন্ন করার জন্য সিভিল সার্জন মহোদয়ের অনুরোধের প্রেক্ষিতে পরিস্কার পরিচ্ছন্ন করার প্রয়োজনীয় গ্রহণের অনুরোধ জানান।<br><br>এছাড়া তিনি আরো বলেন যে, দেশে ডেঙ্গুজ্বর এর প্রকোপ বৃদ্ধি পেয়েছে। মাইকিং করে এবং স্বাস্থ্যকর্মীগণ বাড়ী বাড়ী গিয়ে জনসচেতনতা বৃদ্ধি করার মাধ্যমে যাতে বাড়ীতে কোন টবে বা কোন কৌটায় পানি জমে না থাকে এবং ৩ (তিন) দিনের বেশি পানি জমা না থাকে সে বিষয়ে স্বাস্থ্য কর্মীদের উদ্বুদ্ধ করতে হবে। এ বিষয়ে প্রশাসক মহোদয় করোনার জন্য সদর হাসপাতালটি পরিস্কার পরিচ্ছন্নকরণ ও ডেঙ্গু বিষয়ে সচেতনতার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | ১। করোনার রেপিড এন্টিজেন টেস্ট কিট সরবরাহ না থাকায় এবং রংপুর মেডিকেলে সরবরাহ থাকায় টেস্টের জন্য কেউ আসলে তাকে আপাতত: রংপুর মেডিকেলে পাঠানো এবং করোনা ভাইরাস পরীক্ষা করে রোগীদের সদর শিশু হাসপাতালে ভর্তি করে সেবা প্রদান ও ডেঙ্গু রোগ প্রতিরোধে এডিস মশার লার্ভা নিধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা |
| ৫ | জুলাই/২০২৫ হতে আরবান প্রাইমারি হেলথ কেয়ার সার্ভিসেস ডেলিভারী প্রজেক্ট রংপুর সিটি কর্পোরেশন কর্তৃক পরিচালনাকরণ বিষয়ে আলোচনা। | সভায় প্রধান নির্বাহী কর্মকর্তা উপস্থাপন করেন আরবান প্রাইমারি হেলথ কেয়ার সার্ভিসেস ডেলিভারী প্রজেক্ট-২য় পর্যায় শীর্ষক প্রকল্পটির স্বাস্থ্য সেবা কার্যক্রম ৩০জুন ২০২৫ তারিখ সমাপ্ত হবে। জুলাই/২০২৫ হতে সমাপ্তকৃত প্রকল্পটির সেবা অব্যাহত রাখার জন্য সিটি কর্পোরেশন কর্তৃক পরিচালনা করার জন্য স্থানীয় সরকার বিভাগ, নগর উন্নয়ন-১ শাখা হতে পত্র প্রেরণ করেছেন। এ বিষয়ে প্রশাসক মহোদয় স্বাস্থ্যসেবা অব্যাহত রাখার জন্য লাইট হাউসের সাথে চুক্তিবদ্ধ হয়ে স্থানীয় সরকার মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী ২৫% অর্থ প্রদানের নির্দেশনা প্রদান করেন। | আরবান প্রাইমারি হেলথ কেয়ার সার্ভিসেস ডেলিভারী প্রজেক্ট-২য় এর আওতায় স্বাস্থ্যসেবা অব্যাহত রাখার জন্য লাইট হাউস এর সাথে চুক্তিবদ্ধ হয়ে ২৫% অর্থ প্রদানপূর্বক স্থানীয় সরকার মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, নগর উন্নয়ন-১ শাখা এর নির্দেশনা প্রতিপালন করতে হবে। এবং পর্যায় শীর্ষক প্রকল্পটির কর্মচারীদেরকে রংপুর সিটি কর্পোরেশন কর্তৃক পরিচালনার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা / প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা |
| ৬ | সার্বজনীন পেনশন প্রথা অবহিতকরণ বিষয়ে আলোচনা। | সভায় সচিব উপস্থাপন করেন গত ২৩/০৬/২০২৫ইং তারিখ সার্বজনীন পেনশন প্রথা চালুকরণের লক্ষ্যে টাউন হলে মেলা ও কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। সেখানে সার্বজনীন পেনশন প্রথা চালু করণের নিমিত্ত আলোচনা করা হয়। পেনশন প্রথায় চার ধরণের স্কীম রয়েছে। তিনি ওয়ার্ডের উদ্যোক্তাগণের মাধ্যমে ১৮ হতে ৫০ বছর পর্যন্ত বয়সী জনগণকে পেনশন প্রথা চালুকরণের জন্য উদ্বুদ্ধ করে রেজিস্ট্রেশন এর উদ্যোগ গ্রহণের অনুরোধ করেন। এ বিষয়ে প্রশাসক মহোদয় ওয়ার্ড ভিত্তিক সাধারণ জনগণকে সার্বজনীন পেনশন স্কীমে অন্তর্ভুক্তি ও এ কার্যালয়ের অস্থায়ী, দৈনিক হাজিরা ভিত্তিতে কর্মচারীদের জুলাই/২০২৫ হতে পেনশন প্রথা চালুকরণের রেজিস্ট্রেশন করার নির্দেশনা প্রদান করেন। | ওয়ার্ডভিত্তিক উদ্যোক্তাগণের মাধ্যমে সাধারণ জনগণের সার্বজনীন পেনশন প্রথা চালুকরণ এবং এ কার্যালয়ের অস্থায়ী, দৈনিক হাজিরা কর্মচারীদের পেনশন প্রথা চালুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কাউন্সিলর (সকল), প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, সহকারী প্রোগ্রামার। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭ | জনাব আফফান হোসাইন আজমীর, সমন্বয়ক, পরিচ্ছন্ন বাংলাদেশ এর আবেদনের প্রেক্ষিতে পরিচ্ছন্নতা ও বৃক্ষরোপণ কর্মসূচী পালনের অনুমতি প্রদান প্রসঙ্গে আলোচনা। | সভায় প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব আফফান হোসাইন আজমীর, সমন্বয়ক, পরিচ্ছন্ন বাংলাদেশ এর আবেদনের বিষয়টি উপস্থাপন করেন। এ বিষয়ে প্রশাসক মহোদয় শহরের সৌন্দর্য্য বৃদ্ধি করার লক্ষ্যে রাস্তার ডিভাইডারের মধ্য দিয়ে গাছ লাগানোর এবং গাছ লাগানোর পরে গাছের যত্ন নেয়ার জন্য পরিচ্ছন্ন বাংলাদেশকে সর্বসম্মতিক্রমে অনুমতি প্রদানের নির্দেশনা দেন। | শহরের সৌন্দর্য্য বৃদ্ধি করার লক্ষ্যে ডিভাইডারের মধ্য দিয়ে গাছ লাগানো এবং গাছ লাগানো পরে গাছের যত্ন নেয়ার জন্য পরিচ্ছন্ন বাংলাদেশ সংস্থাকে অনুমতি প্রদান করা হলো। | প্রশাসনিক কর্মকর্তা (চ:দা) |
| ৮ | বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি, নতুন প্রকল্প গ্রহণ ও প্রাক্কলন অনুমোদন সংক্রান্ত আলোচনা। | সভায় তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ:দা:) রংপুর সিটি কর্পোরেশনের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে বিস্তারিত উপস্থাপন করেন।<br>ক) (১) তিনি জানান যে, ৯৫.৬৪ কোটি টাকা বয়ে এলজিসিআরআরপি প্রকল্পের আওতায় ২৯টি প্যাকেজের মধ্যে ১২টি প্যাকেজের কাজ সমাপ্ত হয়েছে এবং ১৭টি প্যাকেজের কাজ চলমান রয়েছে। যার গড় ভৌত অগ্রগতি ৭৫%। (২) এলআইইউপিসিপি প্রকল্পের আওতায় ১৯.৭৬ কোটি টাকা ব্যয়ে ২টি প্যাকেজে ৪টি ও ০৬ তলার ভবনের কাজ চলমান রয়েছে। যার গড় ভৌত অগ্রগতি ৩৪%। (৩) উন্নয়ণ সহায়তা তহবিল ও নিজস্ব তহবিলের আওতায় ৩৭ কোটি টাকা ব্যয়ে ৪টি প্যাকেজের কাজ চলমান রয়েছে। যার গড় অগ্রগতি ৫০%। খ) বিশেষ বরাদ্দ ও সিটি কর্পোরেশনের নিজস্ব অর্থ দ্বারা বাস্ড়বায়নের নিমিত্তে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ:দা:) নিম্নলিখিত স্কীমসমূহের প্রাক্কলন সভায় উপস্থাপন করেন।<br>১. ডিসির মোড় হতে চেকপোস্ট পর্যন্ত রাস্তা প্রসস্ত করণ ও ড্রেন ফুটপাত নির্মাণ করণ, প্রাক্কলিত মূল্য = ১০৬৮১১১৯২.০০<br>২. পুলিশ ট্রেনিং সেন্টার (পিটিসি) থেকে বাস টার্মিনাল মোড় পর্যন্ত আরসিসি ড্রেন নির্মাণ চেইনেজ ০.০-৮০০মি. প্রাক্কলিত মূল্য =১২১১৫০৮১.০০<br>৩. রবার্টসনগঞ্জ ওভারহেড ট্যাংক সংলগ্ন কার্পেটিং রোড ও ড্রেন নির্মাণ, প্রাক্কলিত মূল্য =৪১১৫৩৫১.০০<br>৪. তাজহাট রোড রবার্টসনগঞ্জ জয়বুন মঞ্জিল হতে বাবুপাড়া রেলগেট পর্যন্ত রাস্তা মেরামত করণ, প্রাক্কলিত মূল্য =২৪৮৪৯২৩.০০<br>৫. বাহার কাছনা বটতলা মোড় মোকসেদ এর বাড়ী হতে বোরকান হাজীর বাড়ী পর্যন্ত রাস্তা নির্মাণ, প্রাক্কলিত মূল্য = ৪০৯৭৮৯৩.০০<br>৬. রামপুরা মোস্তফার দোকান হতে নুরুজ্জামানের বাড়ী পর্যন্ত ও জাহাঙ্গীর বাড়ী হতে বাইতুল ফালাহ জামে মসজিদ পর্যন্ত আরসিসি রাস্তা ও ড্রেন নির্মাণ, প্রাক্কলিত মূল্য =৭৫৯১৯৮৮.০০<br>৭. সাতগাড়া মিস্ত্রিপাড়ায় লেবু স'মিলের উত্তরপাশ থেকে শাহানাজ পারভিনের বাড়ী হয়ে কাজী সরোয়ারের বাড়ি পযন্ত আরসিসি ড্রেন নির্মাণ, প্রাক্কলিত মূল্য =২৯৬২৯৭১.০০<br>৮. শহীদ আবু সাঈদ চত্বরে এইচবিবি রাস্তা নির্মাণ, প্রাক্কলিত মূল্য =৯৩৫১১২.০০<br>৯. মাহিগঞ্জ পীরগাছা রোড কদমতলা মোড় হয়ে সাবেক কাউন্সিলর সুলতান মোড় থেকে মাহিদ্র কেন্দ্রীয় জামে মসজিদ মোড় পর্যন্ত রাস্তা সংস্কার করণ, প্রাক্কলিত মূল্য =৫৫৫৩৮১৬.০০<br>১০. ক্যাপ্টেন গার্ডেন সিটির পাশে ইসলামপুর (শিমুল তলা)-এ প্রফেসর মোঃ শামসুল হক (বাইতুল ফালাহ্ | (ক) উন্নয়নমূলক কাজ সঠিকভাবে ও নির্দিষ্ট সময়ে বাস্তবায়ন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) প্রাক্কলনসমূহ অনুমোদন করা হলো এবং ৪টি প্যাকেজে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ:দা) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | জামে মসজিদ) থেকে মোঃ আবু সোহেলের বাড়ী পর্যন্ত বিসি রোড ও আরসিসি ড্রেন নির্মাণ করণ, প্রাক্কলিত মূল্য = ২৫৫০২৯৭.০০<br>রাধাবল্লভ এর ভূমি অফিস থেকে ল্যাব অফিস পর্যন্ত বিসি রোড ও আরসিসি রোড এবং ড্রেন নির্মাণ, প্রাক্কলিত মূল্য =১৬০২৭২০৯.০০<br>১১. জি.এল রায় রোড সাতমাথা রেল গেট সংলগ্ন নগর মাতৃসদন থেকে শাহালমের বাড়ী পর্যন্ত রাস্তা নির্মাণ ও প্যালাসাইডিং করণ, প্রাক্কলিত মূল্য =২৭৫৯২১০.০০<br>১২. ধাপ বনানী পুরাতন দেশ ক্লিনিকের নিকট ডা. কল্লোল এর বাড়ি হতে সাংবাদিক আজমলের বাড়ি পর্যন্ত আরসিসি রাস্তাসহ ড্রেন নির্মাণ, প্রাক্কলিত মূল্য = ৭৫১৭০১৮.০০<br>১৩. মুন্সিপাড়া ৭১ পরিবারের দোকানের সামন হতে বরকতিয়া মসজিদ পর্যন্ত আরসিসি রাস্তাসহ ড্রেন নির্মাণ, প্রাক্কলিত মূল্য =৩৬৬৪১৬৩.০০<br>১৪. পাইকারী মৎস্য আড়ৎ এর সেড নির্মাণ ও আড়তের চারপাশে আরসিসি ড্রেন নির্মাণ, প্রাক্কলিত মূল্য = ২,৭২,৫৫,৪১৩.০০<br>১৫. করণজাই বিসি রোড সংস্কার করণ, চেইনেজ ০.০-৩৩০মি. লিংক-১ করনজাই রোড থেকে সেনপাড়া রোড পর্যন্ত ইউনিব্লক করণ, লিংক-২ সেনপাড়া গ্রান্ড স্প্রে সেন্টার থেকে সালেক মার্কেট রোড পর্যন্ত ইউনিব্লক করণ, প্রাক্কলিত মূল্য = ৩৬১৮৮৯২.০০<br>১৬. চেকপোষ্ট থেকে খলিফাটারী পুরাতন ড্রেনের উপর টবস্লাব নির্মাণ, প্রাক্কলিত মূল্য = ৩১৪২১০৬.০০<br>১৭. মধ্য বাবুখাঁ থেকে টার্মিনাল রোড পর্যন্ত পুরাতন ড্রেনের উপর টবস্লাব নির্মাণ, প্রাক্কলিত মূল্য =১৩৯৩৬৮৬.০০<br>১৮. মুন্সীপাড়া হাইস্কুল মোড়ে রাজু/টিটুর বাড়ী থেকে পেনন এর বাড়ী হয়ে মুক্তিযোদ্ধা ফেরদৌসের বাড়ী পর্যন্ত আরসিসি রোড নির্মাণ, প্রাক্কলিত মূল্য = ৩৬৩২৯৩৫.০০<br>১৯. সিও বাজার বিজিবির অভ্যন্তরে রাস্তা উন্নয়ন করণ, প্রাক্কলিত মূল্য =১০৫৮০১৩.০০<br>২০. সার্কিট হাউজ বাইলেন হাসান এর বাড়ী পর্যন্ত রাস্তাসহ ড্রেন নির্মাণ, প্রাক্কলিত মূল্য = ১৯৬১১৪০.০০<br>২১. ডাক্তারপাড়া কবরস্থানের গেইট এবং বাউন্ডারী ওয়াল নির্মাণ, প্রাক্কলিত মূল্য = ৪৫১১৮০৮.০০<br>২২. চারতলা মোড় হতে ঘোড়াপীর মাজার পর্যন্ত পূর্বে নির্মিত ড্রেন পরিস্কার করণ, প্রাক্কলিত মূল্য = ৪৫২৯৩৪.০০<br>২৩. বাবুপাড়া রেলগেট হতে তাজহাট পর্যন্ত পূর্বে নির্মিত ড্রেন পরিস্কার করণ, প্রাক্কলিত মূল্য = ৪৬০৬৮৬.০০<br>২৪. জি. এল রায় রোড ইঞ্জি. আব্দুল হালিম সাহেবের বাসার সামনে রোডক্রসিংসহ রাস্তা ও ড্রেন নির্মাণ, প্রাক্কলিত মূল্য = ১০৯৭৩১৬.০০<br>২৫. ১) হোসেন নগর সইদুলের বাড়ী থেকে ফাইজ উদ্দিন মেম্বারের (ঘাঘট নদীর ব্রিজের উত্তর পাশে) পর্যন্ত এইচ বিবি রোড ও সোসা ড্রেন সংস্কার করণ, ২) পশ্চিম পাড়া নাজেম উদ্দিনের বাড়ীর সামনে এইচবিবি রোড ও ড্রেন সংস্কার করণ, ৩) পূর্ব পাড়া | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | মানোয়ার এর বাড়ীর সামনে এইচবিবি রোড ও ড্রেন সংস্কার, প্রাক্কলিত মূল্য = ১৮৮১৩৩০.০০<br>২৬. কেরানীপাড়া মসজিদ রোডের আব্দুল্লাহর দোকান থেকে নজরুল বসুনিয়ার বাড়ী হয়ে খন্দকার কামরুজ্জামানের বাড়ী পর্যন্ত আরসিসি রোড ও ড্রেন নির্মাণ, প্রাক্কলিত মূল্য = ২১৬৪২৯৮.০০<br>২৭. খলিফাপাড়া ছাদেকুজ্জামান সাহেবের বাড়ী হতে রায়হান সাহেবের বাড়ী পর্যন্ত ড্রেন নির্মাণ, প্রাক্কলিত মূল্য =২০২৫৯৮৪.০০<br>২৮. ইসলামপুর (হনুমানতলা) মাস্টারপাড়া, প্রধান রাস্তা হতে এ.এন.এম মোতাম্মিম বিল্লাহর বাড়ী পর্যন্ত রাস্তা সহ ড্রেন নির্মাণ, প্রাক্কলিত মূল্য = ৩০৯৩৬৬৫.০০<br>২৯. খলিফাপাড়া কবরস্থান হতে মোঃ নুরুজ্জামানের বাড়ী পর্যন্ত এবং মোঃ নইমুল হোসেনের বাড়ী হতে মোঃ রাজ্জাকের বাড়ী পর্যন্ত রাস্তাসহ ড্রেন নির্মাণ, প্রাক্কলিত মূল্য = ২৭৩৪৩৫০.০০ | | |
| ৯ | বিবিধ (ক) | সভায় শাখা প্রধান, ট্রেড লাইসেন্স শহরে বিলবোর্ড স্থাপনের বিষয়ে উপস্থাপন করেন। এ বিষয়ে প্রশাসক মহোদয় বিল বোর্ডগুলো সঠিকভাবে স্থাপনের বিষয়ে কমিটি গঠনপূর্বক তদারকি করার জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন। | কমিটি গঠনপূর্বক বিলবোর্ড স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান রাজস্ব কর্মকর্তা। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৮/৭/২৫

মোঃ শহিদুল ইসলাম এনডিসি
প্রশাসক
রংপুর সিটি কর্পোরেশন।

# রংপুর সিটি কর্পোরেশন
## সাধারণ শাখা
www.rpcc.gov.bd

স্মারক নং- ৪৬.১৮.০০০০.১০১..০২.০০৩.২৫-১১৭৫ তারিখঃ ২৪ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ / ০৮ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, রংপুর।
৩। সম্মানিত কাউন্সিলরবৃন্দ, রংপুর সিটি কর্পোরেশন।
৪। সচিব, রংপুর সিটি কর্পোরেশন।
৫। প্রধান সম্পত্তি কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
৬। বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, রংপুর।
৭। প্রধান রাজস্ব কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
৮। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ), রংপুর সিটি কর্পোরেশন।
১০। বিভাগীয় কমিশনার মহোদয়ের একান্ত সচিব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর (বিভাগীয় কমিশনার ও প্রশাসক, রংপুর সিটি কর্পোরেশন মহোদয়ের সদয় অবগতির জন্য)
১১। নির্বাহী প্রকৌশলী, অঞ্চল. . . . . , রংপুর সিটি কর্পোরেশন।
১২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা , রংপুর সিটি কর্পোরেশন।
১৩। নগর পরিকল্পনাবিদ, রংপুর সিটি কর্পোরেশন।
১৪। সহকারী প্রকৌশলী (যান্ত্রিক), রংপুর সিটি কর্পোরেশন।
১৫। বস্তি উন্নয়ন কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
১৬। প্রশাসনিক কর্মকর্তা (চঃদাঃ), রংপুর সিটি কর্পোরেশন।
১৭। সহকারী পরিচ্ছন্ন কর্মকর্তা , অঞ্চল. . . . , রংপুর সিটি কর্পোরেশন।
১৮। . . . . . . . . . . . . . . . . . . . . . . . . , রংপুর সিটি কর্পোরেশন।
১৯। শাখা প্রধান (সকল) রংপুর সিটি কর্পোরেশন।
২০। সহকারী প্রোগ্রামার, রংপুর সিটি কর্পোরেশর (ওয়েব সাইটে আপলোড করার জন্য নির্দেশ প্রদান করা হলো।)
২১। অফিস নথি।

০৮/০৭/২৫

উম্মে ফাতিমা
(উপসচিব)
পরিচিতি নং- ১৬৬৭৮
প্রধান নির্বাহী কর্মকর্তা
রংপুর সিটি কর্পোরেশন
ই-মেইলঃ ceo@rpcc.gov.bd.

E:Office doc. Resoulation file.198